# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

**কুমিল্লা-৩৫০৬**

ফোন: ০২৩৩৪৪১১১৪৫ , মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৬৮৯ তারিখ: ২৩/১১/২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার আবেদন শুরু ২৭ নভেম্বর

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রথম বর্ষ (২০২৫-২৬ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষার আবেদন শুরু ২৭ নভেম্বর। মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী'র সভাপতিত্বে আজ (২৩ নভেম্বর) রবিবার বিকাল ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়াও কুমিল্লার পাশাপাশি বহিঃকেন্দ্র হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো ভর্তি পরীক্ষা নেয়া হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পরীক্ষার রেজিস্ট্রেশন ফি (অভ্যন্তরীণ ও বহিঃকেন্দ্র) পূর্ব বছরের মতোই থাকবে। আগামী ২৭ নভেম্বর ২০২৫ তারিখ থেকে ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত দিনরাত যে কোন সময় এমন কি বন্ধের দিনও আবেদন করা যাবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বিভিন্ন গণমাধ্যম, কুবি ওয়েবসাইট (www.cou.ac.bd) এবং বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ভেরিফায়েড ফেসবুক (Comilla University) পেইজে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।

উল্লেখ্য, আগামী ৩০ জানুয়ারি ২০২৬ তারিখ 'এ' ইউনিট (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) সকাল ১১.০০ ঘটিকায়, ৩১ জানুয়ারি ২০২৬ তারিখ 'বি' ইউনিট (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ) সকাল ১১.০০ ঘটিকায় এবং 'সি' ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ) বিকাল ৩.০০ ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়